গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা

দূরালাপনী ঃ আফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

২০১৮ সালের বিএ/বিএসএস/বি বি এস (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি ঃ

১। বাংলাদেশ- এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে ২০১৪ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০১৮ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.এ/ বি.এস.এস./বি.বি.এস. কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ. এস. সি./ সমমান কোর্স সমূহ থেকে শুধুমাত্র ১। এইচ. এস. সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা ইন কমার্স ৩। এইচ. এস. সি. বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

২। 'ও' লেভেল পরীক্ষায় ৩টি বিষয় বি গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৪ সাল বা তৎপূর্বে 'এ' লেভেল পরীক্ষায় একটি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।

২। ১৯৮৮ সালের পূর্বে আলীম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থীগণ ২০১৮ সালের বিএ/বি এসএস/ বি বি এস (পাস) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩। স্নাতক ডিগ্রী ধারী যে কোন ছাত্র/ছাত্রী (যে সব বিষয় নিয়ে ডিগ্রী পাস করেছে সে সব বিষয় ছাড়া) ইচ্ছা করলে নির্ধারিত ফিস প্রদান করে (৬টি পত্র বিশিষ্ট) কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে সার্টিফিকেট কোর্স পরীক্ষা দিতে পারবে। এক্ষেত্রে মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার জন্য প্রাইভেট রেজিস্ট্রেশন করতে পারবে না।

৪। **সার্টিফিকেট কোর্সের বিষয়সমূহ (৬০০ নম্বরের) ঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজি (ঐচ্ছিক), সংস্কৃত, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা**

৫। নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে ঃ

ক) মাধ্যমিক/ সমমান এবং উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষা পাসের সনদপত্র/ নম্বরপত্রের ফটোকপি।
খ) যারা সার্টিফিকেট কোর্সের জন্য আবেদন করবে তারা মাধ্যমিক/ সমমান এবং উচ্চ মাধ্যমিক/ সমমান ডিগ্রী পাসের সনদ/ নম্বর ফর্দের ফটোকপি।
গ) মূল আবেদন ফরমের পূরণের পর ১কপি নিজের কাছে ফটোকপি করে রাখতে হবে এবং মূল সেট কলেজের প্রশাসনিক ভবনে জমা দিয়ে টোকেন গ্রহণ করতে হবে। **কলেজ থেকে প্রদত্ত টোকেনটি অবশ্যই রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় সংগে আনতে হবে।**

৬। সামরিক বাহিনী/ পুলিশ ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীকে তার চাকরি দু'বছর পূর্ন হয়েছে- এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দিতে হবে। তার চাকুরীর নিয়োগকালের তারিখ, পরীক্ষা পর্যন্ত চাকুরী বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয়ে প্রত্যয়নপত্রে উল্লেখ করতে হবে।

৭। সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের ছুটি মঞ্জুর করা হবে এই মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ করতে হবে।

৮। তালিকাভূক্তির সময় একজন পরীক্ষার্থী যে সব বিষয় নির্বাচন করবে, কেবল সে সব বিষয়েই সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এর ব্যতিক্রম হলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৯। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কেন্দ্রে প্রাইভেট পরীক্ষার্থীকে পরীক্ষা দিতে হবে। কোনক্রমেই প্রাইভেট পরীক্ষার্থী কেন্দ্র পরিবর্তন করতে পারবে না।

১০। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে ২০১৮ সালের প্রাইভেট পরীক্ষার্থীরা সেই পাঠক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

বি এ/ বি এস এস/ বি বি এস					
১ম বর্ষ (২০১৮ সালে অনুষ্ঠিতব্য)		২য় বর্ষ (২০১৯ সালে অনুষ্ঠিতব্য)		৩য় বর্ষ (২০২০ সালে অনুষ্ঠিতব্য)	
স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (আবশ্যিক)	১০০	বাংলা (আবশ্যিক)	১০০	ইংরেজি (আবশ্যিক)	১০০
ঐচ্ছিক বিষয়ের ১ম পত্র (১০০×৩)	৩০০	ঐচ্ছিক বিষয়ের ৩য় পত্র (১০০×৩)	৩০০	ঐচ্ছিক বিষয়ের ৫ম পত্র (১০০×৩)	৩০০
ঐচ্ছিক বিষয়ের ২য় পত্র (১০০×৩)	৩০০	ঐচ্ছিক বিষয়ের ৪র্থ পত্র (১০০×৩)	৩০০	ঐচ্ছিক বিষয়ের ৬ষ্ঠ পত্র (১০০×৩)	৩০০
মোট নম্বর	৭০০	মোট নম্বর	৭০০	মোট নম্বর	৭০০

১১। রেজিস্ট্রেশন ফিস ঃ (আবেদন ফিস- ২৫০ + রেজিস্ট্রেশন ফিস-৪৮৫ + ব্যবস্থাপনা ফিস-৫০ + ইনকোর্স পরীক্ষা ফিস- ২০০) মোট ৯৮৫/- (নয়শত পঁচাশি) টাকা মাত্র

১২। অনলাইনে আবেদন ফরম পাওয়া যাবে ঃ ০৩.০২.২০১৮ পর্যন্ত www.nu.edu.bd/admissions
১৩। আবেদন ফরম জমাদানের তারিখ ঃ ২১.০১.২০১৮ হতে ০৪.০২.২০১৮ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত)
১৪। কলেজ কোড নম্বর ঃ 0322, শিক্ষাবর্ষ ঃ 2018 (প্রাইভেট)

প্রাইভেট রেজিস্ট্রেশনের এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd তে পাওয়া যাবে।

(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা
দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

২০১৮ সালের ডিগ্রি পাস/ সার্টিফিকেট কোর্স প্রাইভেট রেজিস্ট্রেশন এর বিষয় কোড

বিষয়	কোড
History of the Emergence of Independent Bangladesh	111501
Bengali National Language	131001
English (Compulsory)	121101
Bengali	111001
English (Elective)	111101
Economics	112201
Political Science	111901
History	111503
Islamic History & Culture	111601
Philosophy	111701
Sanskrit	111301
Islamic Studies	111801
Sociology	112001
Accounting	112501
Management	112601

(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি বি এল কলেজ, খুলনা

দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

২০১৮ সালের ডিগ্রি পাস/ সার্টিফিকেট কোর্স
প্রাইভেট রেজিস্ট্রেশনের বিষয়গুচ্ছ

বি এ পাস কোর্সের ৬পত্র বিশিষ্ট বিষয়সমূহ নিম্নরূপ ঃ

১। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, বাংলা, ইংরেজি আবশ্যিক হিসেবে সকল শিক্ষার্থীকে গ্রহণ করতে হবে।
(স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, বাংলা, ইংরেজি আবশ্যিক বাদে আরও ৩টি বিষয় নিতে হবে।)

২। বাংলা ঐচ্ছিক/ ইংরেজি ঐচ্ছিক/ সংস্কৃত - যে কোন ১টি নেয়া যাবে।

৩। ইতিহাস/ ইসলামের ইতিহাস - যে কোন ১টি নেয়া যাবে। ইতিহাস নিলে ইসঃ ইতিহাস নেয়া যাবে না।

৪। অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ রাষ্ট্রবিজ্ঞান - যে কোন ১টি নেয়া যাবে।

৫। দর্শন/ ইসলামী শিক্ষা - যে কোন ১টি নেয়া যাবে।

বিএসএস পাস কোর্সের ৬পত্র বিশিষ্ট বিষয়সমূহ নিম্নরূপ ঃ

১। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, বাংলা, ইংরেজি আবশ্যিক হিসেবে সকল শিক্ষার্থীকে গ্রহণ করতে হবে।
(স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, বাংলা, ইংরেজি আবশ্যিক বাদে আরও ৩টি বিষয় নিতে হবে।)

২। অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান/ সমাজবিজ্ঞান - যে কোন ২টি নিতে হবে।

৩। ইতিহাস/ ইসলামের ইতিহাস/ ইসলামী শিক্ষা/দর্শন/ সংস্কৃত - যে কোন ১টি নিতে হবে।

বিবিএস পাস কোর্সের ৬পত্র বিশিষ্ট বিষয়সমূহ নিম্নরূপ ঃ

১। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, বাংলা, ইংরেজি আবশ্যিক হিসেবে সকল শিক্ষার্থীকে গ্রহণ করতে হবে।
(স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, বাংলা, ইংরেজি আবশ্যিক বাদে আরও ৩টি বিষয় নিতে হবে।)

২। হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, অর্থনীতি - ৩টি নিতে হবে।

(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা

D:\BL Admin Backup 05 June, 2016\Notice Folders\Degree-2018 Private Registration Notice 16012018.doc